সুলতানপুর উচ্চ বিদ্যালয়

ডাকঘর	: খলিলপুর বাজার		পোস্ট কোড	:	৭৮০০
উপজেলা	: রাজবাড়ী সদর		থানা কোড	:	২৫৩
জেলা	: রাজবাড়ী		জেলা কোড	:	৩২
ইনডেক্স নম্বর	: ৩৩০৪০২১৩০১		বিদ্যালয় কোড	:	৬৫০৬
ইআইআইএন	: ১১৩৪৫০		লোকেশন কোড	:	৩৫৩০৪
মোবাইল	: ০১৩০৯-১১৩৪৫০	স্থাপিতঃ ১৯৭০ খ্রি.	উপবৃত্তি আইডি	:	১০৮৪৫৪৫

Website: www.sultanpurhighschool.edu.bd **Email: sultanpurhighschool@hotmail.com**

অবস্থান : ২৩° ৩৭ ০০.৮ উত্তর অক্ষাংশ হতে ৮৯° ৪১ ৩০.৩ দক্ষিণ দ্রাঘিমাংশ পর্যন্ত। জিপিএস কোড :

জাতীয় সংগীত

রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা সম্পূর্ণ *আমার সোনার বাংলা* গানটি এখানে লিপিবদ্ধ করা হয়েছে। এই গানের প্রথম দশ চরণ বাংলাদেশের জাতীয় সংগীত হিসেবে স্বীকৃত।

আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি।
চিরদিন তোমার আকাশ, তোমার বাতাস, আমার প্রাণে বাজায় বাঁশি।।
ও মা, ফাগুণে তোর আমের বনে ঘ্রাণে পাগল করে,
মরি হায়, হায় রে-
ওমা, অঘ্রাণে তোর ভরা ক্ষেতে আমি কী দেখেছি মধুর হাসি।।

কী শোভা কী ছায়া গো কী স্নেহ কী মায়া গো-
কী আঁচল বিছায়েছ বটের মূলে, নদীর কূলে কূলে।
মা, তোর মুখের বাণী আমার কানে লাগে সুধার মতো,
মরি হায়, হায়, রে-
মা, তোর বদন খানি মলিন হলে, ওমা, আমি নয়ন জলে ভাসি।।

তোমার এই খেলাঘরে শিশুকাল কাটিলে রে,
তোমারি ধুলামাটি অঙ্গে মাখি ধন্য জীবন মানি।
তুই দিন ফুরালে সন্ধ্যাকালে কী দীপ জ্বালিস ঘরে,
মরি হায়, হায় রে—
তখন খেলাধুলা সকল ফেলে, ও মা, তোমার কোলে ছুটে আসি॥
ধেনু-চরা তোমার মাঠে, পারে যাবার খেয়াঘাটে,
সারা দিন পাখি-ডাকা ছায়ায়-ঢাকা তোমার পল্লীবাটে,
তোমার ধানে-ভরা আঙিনাতে জীবনের দিন কাটে,
মরি হায়, হায় রে—
ও মা, আমার যে ভাই তারা সবাই, ও মা, তোমার রাখাল তোমার চাষি॥

ও মা, তোর চরণেতে দিলেম এই মাথা পেতে—
দে গো তোর পায়ের ধুলা, সে যে আমার মাথার মানিক হবে।
ও মা, গরিবের ধন যা আছে তাই দিব চরণতলে,
মরি হায়, হায় রে—
আমি পরের ঘরে কিনব না আর, মা, তোর ভূষণ ব'লে গলার ফাঁসি